উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের জানুয়ারী'২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০১/২০২৪ খ্রিঃ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

স্বাঃ
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২৪-৫০

তারিখ ঃ ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারী ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ...........................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

২৪.০১.২৪
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভার তারিখ ঃ ৩০ জানুয়ারী'২০২৪ খ্রিঃ।

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত ডিসেম্বর'২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় ডিসেম্বর'২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে ১৫০ টি গাভী ও মহিষ কৃত্রিম প্রজনন করা হয়েছে। গবাদি পশুকে ও হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৫৬৭৩ করা হয় টি। টীকা সম্প্রসারণ ৬১৭২টি। রিং ভ্যাকসিনের মাধ্যমে পিপিআর ও ক্ষুরারোগের প্রাদুর্ভাব কমেছে। উপজেলা ২০০ জন খামারীকে "ব্যবসা পরিকল্পনা বিষয়ক" ২দিন ব্যাপী প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রতি বছরের ন্যায় এ বছরও ফেব্রুয়ারী মাসে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ উদযাপিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রবি মৌসুমে বোরো আবাদ লক্ষ্যমাত্রা ২৪২০ হেক্টর আবাদ অগ্রগতি ৮৫০ হেক্টর। রবি মৌসুমের বিভিন্ন ফসলের লাভজনক, টেকসই, নিরাপদ প্রযুক্তি বিষয়ক মাঠ পর্যায়ে সর্বদা পরামর্শ দিয়ে যাচ্ছে উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ। বর্তমানে সারের কোন ঘাটতি নেই। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। উপজেলা পরিষদের নতুন ভবনের সামনের নার্সারী এবং টিনসেট ঘরটি অন্যত্র সরিয়ে নেওয়া প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন।<br>তিনি আরও জানান হাট-বাজার উন্নয়ন/রক্ষণাবেক্ষণ খাত হতে নিম্নবর্ণিত প্রকল্প দুটি বাস্তবায়নের লক্ষে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>০১। রাজিবপুর উপজেলাধীন মোহনগঞ্জ পুরাতন হাট- | ০১। হাট-বাজার উন্নয়ন/ রক্ষণাবেক্ষণ খাত হতে বর্ণিত প্রকল্প দুটি বিধি মোতাবেক বাস্তবায়নের লক্ষে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির আওতায় (এডিপি) খাতের বর্ণিত প্রকল্পসমূহ বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০৩। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাজারে মাটি ভরাট করণ-১৭,০০,০০০/- (সতের লক্ষ) টাকা।<br>০২। রাজিবপুর হাট-বাজারে কাপড় হাটির গলির ১৬৫ মি. আরসিসি রাস্তা নির্মাণ-১৪,১২,০০০/- (চৌদ্দলক্ষ বার হাজার) টাকা।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপি) খাতের নিম্নবর্ণিত প্রকল্প টেন্ডার ও পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br><u>টেন্ডার প্রকল্প :</u><br>০১। আমিনুল ইসলাম, ভাইস চেয়ারম্যানের বাড়ী হইতে দক্ষিণ দিকে হাবিবের দোকান পর্যন্ত রাস্তা এইচ বি বি করণ-৮০০০০০/- (আট লক্ষ) টাকা।<br>০২। রাজিবপুর উপজেলায় দুঃস্থ জনগনের মাঝে বিনামুল্যে সেলাই মেশিন সরবরাহ করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৩। কোদালকাটি ইউনিয়নের সাজাই ওয়াজেদের বাড়ির সামন হতে উত্তর দিকে লতিফের বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৭০০০০০/- (সাতলক্ষ) টাকা।<br>০৪। কোদালকাটি ইউনিয়নের ৭নং ওয়ার্ডে পাপু মেম্বারের বাড়ির নিকট রাস্তা এইচবিবি করণ-৬০০০০০/- (ছয়লক্ষ) টাকা।<br>০৫। পাটাধোয়া পাড়া পাকার মাথা হতে জোয়ানি পাড়া নাদের মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৭০০০০০/- (সাতলক্ষ) টাকা।<br>০৬। বালিয়ামারি ব্যাপারী পাড়া জহরুলের বাড়ি হতে মসজিদ পর্যন্ত সিসি রাস্তা করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৭। শিবেরডাঙ্গী ডিসি রাস্তা হতে পুর্ব দিকে কবরস্থান পর্যন্ত সিসি করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৮। বড়াইডাঙ্গী মাসুদ প্রিন্সিপালের বাড়ি হতে শাহজামালের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ-৪০০০০০/- (চারলক্ষ) টাকা।<br>০৯। মিয়াপাড়া লিটন মিয়ার বাড়ি হতে শাহার আলীর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ-৩০০০০০/- (তিনলক্ষ) টাকা।<br>১০। উপজেলা কৃষি অফিসে দুঃস্থ কৃষকদের মাঝে বিতরণের জন্য ফিতা পাইপ সরবরাহ করণ-৪০০০০০/- (চারলক্ষ) টাকা।<br>১১। মধ্য চরসাজাই আমিনুলের দোকান হতে পূর্ব দিকে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৩০০০০০/- (তিনলক্ষ) টাকা।<br>১২। কোদালকাটি ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে লুতফর মাষ্টারের বাড়ীর সামনে গাইড ওয়াল নির্মাণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৩। কোদালকাটি বালিকা উচ্চ বিদ্যালয়ে বাউন্ডারি ওয়াল নির্মাণ-৩০০০০০/- (তিনলক্ষ) টাকা।<br>১৪। চর নেওয়াজী স্কুল হতে পশ্চিম দিকে ঘাট পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৪০০০০০/- (চারলক্ষ) টাকা।<br>১৫। শংকর মাধবপুর উচ্চ বিদ্যালয়ে মেঝে ও টিনের বেড়া নির্মাণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৬। মোহনগঞ্জ ইউনিয়নের মুন্সিপাড়া বিদ্যালয়ের পাশে ছালাম ব্যাপারীর বাড়ির সামনে গাইড ওয়াল নির্মাণ- | | |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৭। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল এ এনিমেল শেডঘর স্থাপন-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৮। রাজিবপুর ইউনিয়নের ০৫নং ওয়ার্ডে নিজাম মোক্তারের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৪০০০০০/- (চারলক্ষ) টাকা।<br>**পিআইসি কমিটির প্রকল্পঃ**<br>০১। চর রাজিবপুর উপজেলার দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০২। চর রাজিবপুর উপজেলার দুঃস্থ জনগণের মাঝে বিনামূল্যে স্প্রে মেশিন সরবরাহ করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৩। রাজিবপুর ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডে দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৪। থানা মোড় হতে দক্ষিণে থানার গেইট পর্যন্ত রাস্তা মেরামত ও পানি নিষ্কাশন করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৫। কোদালকাটি ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৬। সিলেট পাড়া ৭নং ওয়ার্ডে কলকিহারা খালের উপর কাঠের সাকো নির্মাণ (অংশ-১)-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৭। খাজার ঘাটে এ্যাপ্রোজ সড়ক মেরামত করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৮। সিলেট পাড়া আশ্রয়ণ প্রকল্পের পাশে গাইড ওয়াল নির্মাণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৯। সিলেট পাড়া ৭নং ওয়ার্ডে কলকিহারা খালের উপর কাঠের সাকো নির্মাণ (অংশ-২)-২০০০০০/-(দুইলক্ষ) টাকা।<br>১০। টাঙ্গালিয়া পাড়া পূর্ব পাশের রাস্তায় এইচবিবি করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১১। চর রাজিবপুর উপজেলার দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১২। চর রাজিবপুর উপজেলার দুঃস্থ জনগণের মাঝে বিনামূল্যে স্প্রে মেশিন সরবরাহ করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৩। চর নেওয়াজী উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল প্লাস্টার ও রং করণ-২০০০০০/-(দুইলক্ষ) টাকা।<br>১৪। নয়ার চর বালিকা বিদ্যালয়ে টিনসেড ঘর নির্মাণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১৫। চর রাজিবপুর উপজেলার সীমানা ফলক সংস্কার করণ-১০০০০০/-(একলক্ষ) টাকা।<br>১৬। রাজিবপুর ইউনিয়নে বালিয়ামারী কালাম মোড় ও মিয়াপাড়া আশ্রয়ণ প্রকল্পের টিনসেড ঘর মেরামত করণ-২০০০০০/- (দুইলক্ষ) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গ্রামীণ পানি সরবরাহের পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পে ৪টি পাবলিক টয়লেট বরাদ্দ রয়েছে। জায়গার অভাবে কাজটি করা সম্ভব হচ্ছে না। মুজিব শতবর্ষে আশ্রয়ণ প্রকল্পের নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলায় ২টি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র নির্মাণের জন্য জমির প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ আন্তরিকতা, মানসম্মত চিকিৎসা ব্যবস্থা ও ঔষধ সরবরাহ নিশ্চিত করণ এবং পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করণসহ রোগী যেন স্বাস্থ্যসেবা সঠিকভাবে পায় সেজন্য ডাঃ সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান স্বাস্থ্যসেবা ত্বরান্বিত করার লক্ষ্যে মোহনগঞ্জ ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্র ও কোদালকাটি পরিবারকল্যাণ কেন্দ্র নির্মাণের তথ্যাদি স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরিত হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থ বছরের টিআর, কাবিখা/কাবিটা, এইচবিবি এর কাজ চলমান। টি.আর, কাবিখা/কাবিটা ১ম পর্যায়ের সময়সীমা ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত। টি.আর, কাবিখা/কাবিটা ২য় পর্যায়ের বাস্তবায়ন। অর্থ/খাদ্যশস্য উত্তোলনের সময়সীমা ২৯/০২/২৪ তারিখ পর্যন্ত। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থবছরে ৮টি ব্যাচে ২৪০ বেকার ও যুব নারীদের প্রশিক্ষণ করানোর জন্য বাজেট বরাদ্দ পাওয়া গেছে। ডিসেম্বর/২৩ পর্যন্ত ১৫০ জন-কে প্রশিক্ষণ করানো হয়েছে। ৫জন যুবক-কে গাড়ি চালক কোর্সে প্রশিক্ষণের জন্য কুড়িগ্রাম যুব প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে। উপজেলা পরিষদ ভবনে উপজেলা যুব উন্নয়ন অফিসের জন্য ৩টি কক্ষ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমবায় কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৫



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা পল্লী উন্নয়ন অফিস সংলগ্ন ০২ (দুই) টি গাছ কর্তন করা প্রয়োজন। সরেজমিন পরিদর্শন পূর্বক গাছ ০২(দুই) টি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চর রাজিবপুর উপজেলা সামাজিক বন বিভাগ কর্তৃক সৃজিত ২০০১-২০০২ হতে ২০১০-২০১১ সনের মেয়াদ উত্তীর্ণ বাগানের গাছ বিক্রয় করিয়া উপকারভোগীর মাঝে লভ্যাংশ বন্টন করলে বাগানের সাথে সম্পৃক্ত সদস্যগণের দারিদ্রতা লাগব হবে। কর্তিত বাগানের স্থলে পুনরায় বনায়ন করা সম্ভব হবে। ২০২৩-২৪ অর্থবছরে চর রাজিবপুর উপজেলার জনগণের মাঝে বিক্রয় করার জন্য ৬২৫০ টি চারা উত্তোলন কাজ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মানসম্মত শিক্ষা এবং দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য জাতীয় শিক্ষাক্রম চারুকলা-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের নতুন শিক্ষাক্রম বিস্তরণের জন্য ইতিমধ্যে সকল শিক্ষককে প্রশিক্ষণের আওতায় আনা হয়েছে। নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের লক্ষ্যে যথা নিয়মে শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণের কাজ চলমান রয়েছে। ৫২তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা/২৪ প্রতিষ্ঠান পর্যায়ে, উপজেলা ও জেলা পর্যায়ে অংশগ্রহণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের লক্ষে প্রনিত বিনা মূল্যেও পাঠ্যপুস্তক যথাসয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করা হযেছে।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের দেয়াল, ছাদ, দরজা ও জানালা ভাঙ্গা এবং কক্ষটি খুবই ঝুঁকিপুর্ণ। মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৩-২৪ অর্থ বছরে জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>(খ) জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের উপজেলা স্থায়ী কমিটির আপ্যায়ন ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস আপ্যায়ন বাবদ ব্যয় =৮,০০০/- (আট হাজার) টাকা।<br>০৩। জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরে জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৪। জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×৩১ দিন) =১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা।<br>০৬। জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×৩১ দিন) =১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা।<br>০৭। জানুয়ারী'২০২৪ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৮। উপজেলা পরিষদ চত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের বেতন (২৫০×৩১ দিন) =৭,৭৫০/- (সাত হাজার সাতশত পঞ্চাশ) টাকা।<br>০৯। ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপ গাড়ি মেরামত বাবদ ব্যয়-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>১০। ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের সোলার ব্যাটারী ক্রয় বাবদ ব্যয়-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নয়া পাড়া আসলামের বাড়ী হতে পশ্চিম দিকে নয়া পাড়া সরঃ প্রাথমিক বিদ্যালয় হয়ে হাসেম মুন্সির বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট করে পাকা করা প্রয়োজন। বালিয়ামারী আদর্শ গ্রামের রাস্তাটি বেহাল দশা। নুরনবীর বাড়ী হতে দক্ষিণে মাদ্রাসা ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় হয়ে হাফেজ আলীর বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও গাইড ওয়াল নির্মাণ করা প্রয়োজন। বালিয়ামারী খেয়াঘাট হতে বাগান বাড়ীর রাস্তাটি মেরামত ও মাটি ভরাট করা প্রয়োজন। পশ্চিম রাজিবপুর নৌকা ঘাটে যাওয়ার রাস্তাটি মেরামত করা প্রয়োজন। অত্র ইউনিয়ন পরিষদে কর্মরত একজন গ্রাম চলতি মাসে পুলিশ মারা গেছে। সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের পদটি শুন্য ঘোষণা করা হয়েছে। একজন গ্রাম পুলিশ নিয়োগ করার জন্য সভায় অনুরোধ জানান। রাজিবপুর বাজারে যানজট বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। রাজিবপুর ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কমিটি<br><br>০২। চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালাকাটি ইউনিয়নের ৪নং ওয়ার্ডে ইব্রাহীমের বাড়ীর সামনে ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। কোদালকাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। কোদালকাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কমিটি<br>০২। চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভবাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নর যুগী পাড়া ও চড়াই হাটি মৌজায় ভূমিহীন মানুষদের জন্য গুচ্ছগ্রাম নির্মাণ করা প্রয়োজন। কলকিহারা খালের উপর ১টি ব্রীজ ও মোহনগঞ্জ আদর্শ কলেজ এর দক্ষিণ পার্শে ভাঙ্গা রাস্তায় ১টি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। মোহনগঞ্জ আদর্শ কলেজে ও নয়াচর বালক বিদ্যালয়ে ৪তলা ভবন নির্মাণ করা প্রয়োজন। অত্র ইউনিয়নের ৪ নং ওয়ার্ডে আলম মেম্বারের বাড়ী হতে উত্তর দিকে রাজিবপুর নৌকা ঘাট পর্যন্ত এবং ৮ নং ওয়ার্ডেও শংকরপুর পাড়া এলাকায় ২ কি.মি. নদী শাসনের আওতায় আনার জন্য সভায় অনুরোধ জানান। মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে ৫ জন গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কমিটি<br>০২। চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় উপস্থিত না থাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভবাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নতুন ভোটার হালনাগাদ শুরু হয়েছে। নির্বাচন অফিসের দেয়ার ধ্বসে পড়ছে। জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, আনসার অধিশাখা-২ এর ১৬/০৫/২০২১ তারিখের ৪৪.০০.০০০০.১১৫.১১.০০১.২০-৪৬ নং স্মারক পত্র মোতাবেক যে সকল উপজেলায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব ভবন নেই সেসব উপজেলায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সামগ্রীক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে নূন্যতম ১৫ (পনের) শতাংশ জমি/খাস জমি বরাদ্দ প্রদানের জন্য পত্র পাওয়া গেছে। অত্র উপজেলায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব অফিস, প্রশিক্ষণ শেডসহ অন্যান্য প্রয়োজনীয় স্থাপনা নির্মাণের লক্ষ্যে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অফিসের জন্য ভূমি বরাদ্দ প্রদান করা হলে উপযুক্ত স্থাপনা | অত্র উপজেলায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব অফিস, প্রশিক্ষণ শেডসহ অন্যান্য প্রয়োজনীয় স্থাপনা নির্মাণের লক্ষ্যে ভূমি বরাদ্দ প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও প্রশিক্ষণ শেড নির্মাণ করার মাধ্যমে নিয়মিত কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে। এমতাবস্থায়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অফিসের জন্য ভূমি বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অফিসের নতুন অফিস কক্ষ বরাদ্দ প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায় চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের ঋণ আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য আপা: সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দপ্তরের অফিসের দরজা ও জানালা নষ্ট হওয়ায় নতুন অফিস কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় জানান যে, সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক। বর্তমানে বাংলাদেশী গরু, ছাগল ভারতের ভিতরে নিয়ে চড়াচ্ছে। বিএসএফ যে কোন সময় গুলি ছুড়তে পারে। এ বিষয়ে সর্বসাধারণকে সতর্ক করার জন্য জন প্রতিনিধিদের অনুরোধ করেন। | সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |
| ১৮(১৯) | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ ও সভাপতি বাংলাদেশ আওয়ামীলীগ, চর রাজিবপুর শাখা সভায় জানান যে, রাজিবপুর বাজারের দিন যানজট এর কারণে চলাফেরা করা সম্ভব হয় না। তাই হাটের দিন বড় বড় যানবাহন প্রবেশ ও বাজারে চলাচল বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | রাজিবপুর হাট-বাজারে যানজট বন্ধ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর ও চুযমারা থানা, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১(২০) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চর রাজিবপুর |
| ১১(২১) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা বাসাবাড়ী, ডাকবাংলো ও উপজেলা সুপার মার্কেটের ভাড়া (বকেয়াসহ) আদায় করতে হবে। ভাড়া পরিশোধে ব্যর্থ হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০১/২৪

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল: chairman.upzrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৬১

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ৩০ জানুয়ারী ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ______________________ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। ______________________________________________ কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
১০। অফিস কপি।

৩০.০১.২৪

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
মোবাইল নং-০১৭০৯-৯৭৪৫০৮
ই-মেইল: unorajibpur@mopa.gov.bd

**উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জানুয়ারী'২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভায় উপস্থিত সদস্য ও দাপ্তরিক কর্মকর্তাগণের স্বাক্ষর ঃ**

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তারিখ ঃ ৩০/০১/২০২৪ খ্রিঃ।

| ক্রঃ নং | নাম ও পদবী (জৈষ্ঠতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০২ | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৩ | অফিসার ইনচার্জ, চুযমারা থানা,<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৪ | জনাব মোঃ আমিনুল ইসলাম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৫ | জনাব মোছাঃ জায়েদা আমিন<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | জায়েদা | | |
| ০৬ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৭ | জনাব মিরন মোঃ ইলিয়াস<br>চেয়ারম্যান, রাজিবপুর ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৮ | জনাব মোঃ হুমায়ুন কবির<br>চেয়ারম্যান, কোদালকাটি ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৯ | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০-০১-২৪ | | |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১১ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | ৩০/১/২৪ | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৩ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |

চলমান পাতা-২

| ক্রম নং | নাম ও পদবী (জ্যেষ্ঠতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০/০১/২৪ | | |
| ১৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০/০১/২০২৪ | | |
| ১৭ | উপজেলা শিক্ষা অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০/০১/২৪ | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০/০১/২০২৪ | | |
| ২০ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | 30.01.24 | |
| ২১ | সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | 30.01.24 | | |
| ২২ | উপজেলা সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০/০১/২০২৪ | | |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০/০১/২৪ | | |
| ২৫ | ফরেস্টার, উপজেলা বনায়ন নার্সারী<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০/০১/২৪ | | |
| ২৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | ৩০.০১.২৪ | | |
| ২৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |

চলমান পাতা-৩



CamScanner

| ক্রম নং | নাম ও পদবী (জ্যেষ্ঠতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২৮ | জনাব মোঃ আঃ হাই সরকার, সভাপতি বাংলাদেশ আওয়ামীলীগ, চর রাজিবপুর উপজেলা শাখা, কুড়িগ্রাম। | [signature] | | |
| ২৯ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩০ | চেয়ারম্যান বি.আর.ডি.বি, চর রাজিবপুর | [signature] | | |
| ৩১ | উপজেলা নির্বাচন কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম | [signature] 30.01.2024 | | |
| ৩২ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | [signature] ৩০/১/২৪ | |
| ৩৩ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] 30.01.24 | | |
| ৩৪ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] ৩০/১/২৪ | | |
| ৩৫ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৬ | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি, জামালপুর | | | |
| ৩৭ | কোম্পানী কমান্ডার বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] ৩০/১/২৪ | | |
| ৩৮ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ি আমার খামার প্রকল্প চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] ৩০/১/২৪ | | |
| ৩৯ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৪০ | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] ৩০/০১/২৪ | | |



CamScanner